দৈনিক বাংলা

তারিখ 21 JUL 1989
পৃষ্ঠা 1 4 কলাম

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

8(6)

6

144

# এসএসসি ঃ ২৭ জুলাই ফল বের হতে পারে

(স্টাফ রিপোর্টার)

মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার ফল ২৭শে জুলাই বৃহস্পতিবার প্রকাশের সম্ভাবনা রয়েছে।

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## এসএসসি

(১-এর পৃঃ পর)

সংশ্লিষ্ট একটি সূত্র গতকাল দৈনিক বাংলাকে এ খবর জানায়। সূত্রটি আরও জানায় যে দেশের চারটি শিক্ষা বোর্ডের পরীক্ষার ফল এবছরও যথারীতি এক সঙ্গে প্রকাশিত হবে।

ফল প্রকাশে দেরীর কারণ সম্পর্কে ঢাকা বোর্ডের একজন কর্মকর্তা গতকাল বলেন অনিবার্য কিছু কারণে এবার ফল প্রকাশ করতে দেরী হচ্ছে। সাধারণতঃ পরীক্ষা অনুষ্ঠানের পর তিন-সাড়ে তিন মাসের মধ্যে ফল প্রকাশের নিয়ম। ফল প্রকাশের বর্তমানে চার বোর্ডে শেষ পর্যায়ের কাজ চলছে বলে কর্মকর্তা জানান।

উল্লেখ্য ১৯৮৯ সালের এসএসসি পরীক্ষা গত মার্চ মাসে অনুষ্ঠিত হয়। চার বোর্ডে সর্বমোট পরীক্ষার্থী প্রায় চার লাখ ৪৮ হাজার। এর মাঝে প্রায় এক লাখ ৩০ হাজার ছাত্রী। গত বছরের চেয়ে এবার পরীক্ষার্থীর সংখ্যা প্রায় ৫০ হাজার বেশী। সবচেয়ে বেশি পরীক্ষার্থী ঢাকা বোর্ডে।